

যতদোষ নন্দঘোষ

(বহুদিন ধরে আমার বিজয় ফন্ট কাজ করছে না। বর্গসফট এ আমি অভ্যস্ত নই। বানান ভুলের জন্য ক্ষমা চেয়ে নিচ্ছি।)

যত দোষ নন্দঘোষ, বাংলা ভাষায় প্রচলিত পুরানা প্রবাদ। অতীতকে ধরে রাখার প্রবণতা আমাদের প্রবল। আমাদের প্রধানমন্ত্রি তার সাম্প্রতিক ভাষণে সেটি আবার প্রমাণ করেছেন।

অধ্যাপক হুমায়ুন আজাদের উপর হামলার ঘটনাকে তিনি বিরোধী দলের হরতাল সফলের হাতিয়ার বলে আখ্যায়িত করে যতদোষ নন্দঘোষ প্রবাদের শক্ত প্রয়োগ করলেন।

হামলাকারীদের আটক করার প্রশাসনিক ব্যর্থতা ঢাকার অপপ্রয়াস হিসেবে তার এই দাবি। দেশের স্বনামধন্য লেখক, ভাষাবিদ, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আক্রান্ত হলেন, প্রধানমন্ত্রি তাদের গ্রেফতার করার তাগিদ না দিয়ে উদোর পিন্ডী বুধোর ঘাড়ে চাপিয়ে দিয়ে নিজের দায়িত্ব শেষ করলেন।

দেশের প্রখ্যাত ব্যক্তিদের ক্ষেত্রে যখন এই অবস্থা, সাধারণ মানুষ সেখানে কেমনতরো মানবেতর অবস্থায় দিন কাটায় সেটা সহজেই অনুমেয়।

একজন অধ্যাপকের জীবন-মরণ অবস্থায় প্রধানমন্ত্রির এ জাতীয় মন্তব্য সরকারের শৃংখলা রক্ষায় বিরাট ব্যর্থতার পরিচয়।

প্রধানমন্ত্রির এ বক্তব্যের তীব্র নিন্দা জানাই।

নুরুল্লাহ মাসুম

দুবাই, সংযুক্ত আরব আমিরাত

২৯ ফেব্রুয়ারি, ২০০৪